

ব্লু গোল্ড প্রোগ্রাম

সমাজভিত্তিক কৃষি পানি ব্যবস্থাপনা

শস্য উৎপাদন ও আয় বৃদ্ধিতে সমাজভিত্তিক অভ্যন্তরীণ পানি ব্যবস্থাপনা

সমাজভিত্তিক কৃষি পানি ব্যবস্থাপনা স্থানীয় জনসমষ্টির উদ্যোগ, যার লক্ষ্য টেকসই অভ্যন্তরীণ পানি ব্যবস্থাপনার মাধ্যমে পানি ব্যবহারে সকলের দায়িত্ব, অধিকার ও প্রাপ্যতা নিশ্চিত করা। সমাজভিত্তিক কৃষি পানি ব্যবস্থাপনার মূল লক্ষ্য এলাকা উপযোগী শস্যের বহুমুখীকরণ ও উৎপাদন বৃদ্ধি, যা আয় বৃদ্ধির জন্য অপরিহার্য। অংশগ্রহনমূলক পানি ব্যবস্থাপনার সাথে সমাজভিত্তিক কৃষি পানি ব্যবস্থাপনা, উন্নত কৃষিজ ও কারিগরি জ্ঞানের সমন্বয় করবে। সমাজভিত্তিক কৃষি পানি ব্যবস্থাপনা অধিকতর উৎপাদনের পাশাপাশি বাজারের সাথে সংযোগ স্থাপন, শ্রমিকদের কাজের সুযোগ তৈরি এবং নারীদের আয়বৃদ্ধিমূলক কার্যক্রমে সম্পৃক্ত করতে সক্রিয় উদ্যোগ নেবে। ফুলতলা পানি ব্যবস্থাপনা দল, পোল্ডার ৩০, কর্তৃক পরীক্ষামূলক সমাজভিত্তিক কৃষি পানি ব্যবস্থাপনা সফলতার মূল অভিজ্ঞতা কাজে লগিয়ে ব্লু গোল্ড প্রোগ্রাম নির্বাচিত পোল্ডারসমূহে সমাজভিত্তিক কৃষি পানি ব্যবস্থাপনা অনুশীলনের লক্ষ্য স্থির করেছে। ব্লু গোল্ড গুরুত্বের সাথে দেখতে চায় কোন কোন উপাদান এবং কাজের মাধ্যমে সমাজভিত্তিক কৃষি পানি ব্যবস্থাপনা টেকসই হতে পারে।

সমাজভিত্তিক কৃষি পানি ব্যবস্থাপনার উদ্দেশ্যঃ

- সমাজভিত্তিক কৃষি পানি ব্যবস্থাপনা কার্যক্রমের মাধ্যমে পানি ব্যবস্থাপনা দলকে শক্তিশালী করা;
- সমাজভিত্তিক কৃষি পানি ব্যবস্থাপনা এলাকার বাইরে সৃষ্ট জলাবদ্ধতা অভ্যন্তরীণ পানি ব্যবস্থাপনাকে প্রভাবিত করে। পানি ব্যবস্থাপনা এ্যাসোসিয়েশনের সহযোগিতায় এরকম জলাবদ্ধতা নিরসন করা;
- পোল্ডার অভ্যন্তরীণ পানি ব্যবস্থাপনার উন্নয়ন;
- শস্যের নিবিড়তা বৃদ্ধি;
- অধিক ফসল উৎপাদন
- পানি ব্যবস্থাপনা অবকাঠামো টেকসইকরণ;
- শ্রমিক এবং নারীদের কাজের সুযোগ সৃষ্টি করা;
- স্থানীয় সরকার, সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানসমূহের সাথে কাজের সম্পর্ক স্থাপন।

সমাজভিত্তিক কৃষি পানি ব্যবস্থাপনার কার্যক্রমঃ

- সমজাত শস্য বিন্যাস এবং পানি ব্যবস্থাপনা দলের নেতৃত্বে যৌথ পানি ব্যবস্থাপনা;
- শাখা প্রশাখা খাল এবং জলাধার উন্নয়ন;
- বিভিন্ন জাতের উন্নত বীজের প্রবর্তন ও প্রদর্শন। ফসলের উৎপাদন বৃদ্ধি এবং বাড়তি ফসল চাষের চর্চা করা। বিকল্প হিসেবে মাছ চাষের প্রবর্তন করা।

ব্লু গোল্ডের সহযোগিতাঃ

- পোল্ডার অভ্যন্তরীণ পানি ব্যবস্থাপনা উন্নয়ন এবং কৃষি উৎপাদন বৃদ্ধিতে কারিগরী প্রশিক্ষণ প্রদান;
- সমাজভিত্তিক কৃষি পানি ব্যবস্থাপনা এলাকায় নির্বাচিত কৃষকদের উন্নত জাতের বীজ প্রদান;
- পোল্ডার অভ্যন্তরীণ পানি ব্যবস্থাপনা উন্নয়নে ক্ষুদ্র পানি ব্যবস্থাপনার অবকাঠামোর উন্নয়ন;
- পারস্পরিক শিখন প্রক্রিয়ার মাধ্যমে অভিজ্ঞতা বিনিময় করে একে অন্যের ভাল কাজ শেখা ও বাস্তবায়নের সুযোগ তৈরি করা;
- স্থানীয় সরকার, সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানসমূহের সাথে কার্যকরী সংযোগ স্থাপনে সহায়তা।

ব্লু গোল্ড প্রোগ্রাম

বাড়ি ৩৬২, শের-এ-বাংলা রোড, খুলনা। টেলিফোনঃ ০১৮১৯২৪১৪৯২
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, কালিকাপুর, পটুয়াখালী। টেলিফোনঃ ০১৭৮৪৫৬৮১২৮
করিম মঞ্জিল, বাড়িঃ ১৯, সড়কঃ ১১৮, গুলশান, ঢাকা। টেলিফোনঃ ৯৮৯৪৫৫০
ই-মেইলঃ info@bluegoldbd.org ওয়েবঃ bluegoldbd.org

www.facebook.com/bluegoldprogram

